



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

7 AUGUST 2024

7:35 AM IST

বাংলাদেশের অশান্ত পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে কেন্দ্রীয় সরকার ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করেছে। পশ্চিমবঙ্গ সহ আসাম, ত্রিপুরা, মেঘালয়, মিজোরামের সঙ্গে সংলগ্ন বাংলাদেশ সীমান্ত এলাকায় উচ্চ সতর্কতা জারী করা হয়েছে। এছাড়া সীমান্ত সুরক্ষা বাহিনী (বি এস এফ) কড়া প্রহরা অব্যাহত রেখেছে।

কেন্দ্রীয় সরকার সাম্প্রতিক পরিস্থিতিতে বাংলাদেশ সফর না করতে নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছে। এদিকে বাংলাদেশে বসবাসরত ভারতীয়দের বাড়ী থেকে বাইরে না বেরোনোর পরামর্শ দিয়ে ঢাকায় থাকা ভারতীয় দূতবাসের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

কেন্দ্রীয় সরকার বাংলাদেশের বর্তমান পরিস্থিতি সম্পর্কে আলোচনার জন্য গতকাল নতুন দিল্লীতে একটি সর্বদলীয় বৈঠকের আহ্বান করে। সর্বদলীয় বৈঠকে বিদেশমন্ত্রী মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর প্রথমে বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি সম্পর্কে অবগত করান।

ডক্টর জয়শংকর জানান যে বর্তমানে বাংলাদেশে প্রায় ন'হাজার শিক্ষার্থী সহ ১৯ হাজার ভারতীয় নাগরিক রয়েছেন এবং বাংলাদেশের সংখ্যালঘুদের নিরাপত্তার বিষয়ে ভারত চিন্তিত। তবে এক্ষেত্রে কোনোধরনের পদক্ষেপ গ্রহণের আগে আইন শৃঙ্খলা পরিস্থিতির দিকে অধিক গুরুত্ব দেওয়া হবে বলে বিদেশমন্ত্রী ডক্টর জয়শংকর জানিয়েছেন।

করিমগঞ্জ জেলার ভারত-বাংলাদেশ সীমান্তে উচ্চ সতর্কতা জারীর পাশাপাশি বি এস এফ ও আসাম পুলিশের সেকেন্ড লাইন ডিফেন্সের যৌথ নজরদারি বৃদ্ধি করা হয়েছে বলে

আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন । বি এস এফ এই সীমান্তে বসবাসকারী নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সর্বাত্মক প্রয়াস চালিয়ে যাচ্ছে ।

অন্যদিকে উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ বাংলাদেশে নির্যাতিত সংখ্যালঘুদের ভারতে আশ্রয় দেবার দাবী জানিয়ে প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে একটি স্মারকপত্র পাঠিয়েছেন ।

ভারতীয় জনতা পার্টির করিমগঞ্জ জেলা কমিটির পক্ষ থেকে ও বাংলাদেশের সংখ্যালঘু হিন্দুদের সুরক্ষার দাবী জানিয়ে গতকাল জেলা আয়ুক্তের মাধ্যমে দেশের প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে স্মারক পত্র পাঠানো হয়েছে ।

সরকার সাইবার অপরাধ দমনের জন্য দেশের এক কোটি ৯২ লক্ষ সিমকার্ড ব্লক করেছে । গতকাল লোকসভায় এক লিখিত প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পংকজ চৌধুরী জানান যে সাইবার জালিয়াতি দমনের জন্য সরকার শূন্য সহনশীলতা নীতি গ্রহণ করেছে । শ্রী চৌধুরী আরো জানান যে জনগন ১৯৩০ টোল ফ্রি নম্বরে সাইবার জালিয়াতির বিরুদ্ধে অভিযোগ জানাতে পারেন ।

জাতীয় শিক্ষানীতি ২০২০-র চতুর্থ বর্ষপূর্তির সঙ্গে সঙ্গতি রেখে সমগ্র রাজ্যে শিক্ষা সপ্তাহ পালন করা হচ্ছে । সমগ্র শিক্ষা আসামের মিশন সঞ্চালক জানিয়েছেন যে আজ ৭ই আগষ্ট ক্রীড়া দিবস হিসেবে পালন করা হবে ।

এদিকে কাছাড় জেলার সমগ্র শিক্ষা অভিযানের উদ্যোগে জেলায় জোন ভিত্তিক পাঁচ দিবসীয় আবাসিক বুনিয়াদী স্বাক্ষরতা এবং সাংখ্যিকতার প্রশিক্ষন গত দোসরা অগাষ্ট থেকে শিলচরের দুটি পৃথক স্থানে শুরু হয়েছে । দুটি শিবিরে মোট ১৮১ জন শিক্ষক-শিক্ষিকা অংশগ্রহন করছেন । প্রশিক্ষন কর্মশালায় জাতীয় শিক্ষানীতি-২০২০-র আওতায় বুনিয়াদী স্তরের স্বাক্ষরতা এবং সাংখ্যিকতার বুনিয়াদী কৌশলগুলি শিশুদের রপ্ত করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হচ্ছে ।

করিমগঞ্জের জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জেলায় কীটনাশক মনোক্রপ্টোফস ৩৬ শতাংশ এস এল-এর বিক্রি , মজুত ,বিতরন ও ব্যবহার নিষিদ্ধ করেছেন । বিজ্ঞপ্তিতে জেলার চা বাগান ও শাক সবজীতে মনোক্রপ্টোফস ৩৬ শতাংশ এস এল-এর ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ করতে কীটনাশক পরিদর্শকদের মাধ্যমে ব্যবস্থা গ্রহন করার নির্দেশ দেওয়া হয়েছে । ১৯৬৮ সালের কীটনাশক আইন ও ধারা অনুসারে মনোক্রপ্টোফসের অবৈধ বিক্রি , বিতরন , ব্যবহার ও মজুত বন্ধ করার তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহন করতে বিজ্ঞপ্তিতে নির্দেশ দেওয়া হয়েছে ।

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শিলচর আঞ্চলিক সমিতি আজ সকাল সাড়ে নটায় কবিগুরুর প্রয়ান দিবসে বঙ্গ ভবনে শ্রদ্ধাঞ্জলী প্রদানের আয়োজন করেছে । এ উপলক্ষ্যে আজ সন্ধ্যা সাড়ে ছটায় শিলচর বঙ্গভবন প্রেক্ষাগৃহে সমকালের পক্ষ থেকে রবীন্দ্র সন্ধ্যার আয়োজন করা হয়েছে ।

লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং ময়নাগড়ের স্বামী বিবেকানন্দ সেবা সমিতির ব্যবস্থাপনায় আগামী ১৩ই অগাষ্ট ময়নাগড় চা বাগানের দুর্গা মন্দিরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

ধলাই-র মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় বিশাল টিম এফ সি খেলবে কর্কট এফ সি দলের মুখোমুখি হবে । ধলাই-র বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় মনিপুরী ওয়েলফেয়ার সোসাইটি ৩-০ গোলের ব্যবধানে ছোট শালগঙ্গা এফ সি দলকে পরাজিত করে ।
